যুগান্তর

তারিখ 23 JAN 2018
পৃষ্ঠা ... কলাম ...

# ১০ হাজার দারুল আরকাম মাদ্রাসা চালু করবে সরকার

যুগান্তর রিপোর্ট

সারা দেশে ১০ হাজার ১০টি দারুল আরকাম ইবদেতায়ি মাদ্রাসা চালু করতে যাচ্ছে ইসলামিক ফাউন্ডেশন (ইফা)। প্রতি উপজেলায় দুটি করে ব্যতিক্রমধর্মী এ মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় নিজস্ব সিলেবাসে পাঠদান করবে ইসলামিক ফাউন্ডেশন। আগামী ফেব্রুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে ক্লাস শুরু হবে। এ জন্য ইতিমধ্যে ৩ হাজার ৩০ জন শিক্ষকও নিয়োগ দেয়ার প্রক্রিয়া চলছে। সোমবার দুপুরে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ধর্মবিষয়ক রিপোর্টারদের সংগঠন রিলিজিয়াস রিপোর্টার্স ফোরামের (আরআরএফ) নেতাদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল।

এ সময় উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস এর সদস্য মিছবাহুর রহমান চৌধুরী, আরআরএফ সভাপতি ফয়েজ উল্লাহ ভূঁইয়া, সহসভাপতি মিয়া হোসেন, সাধারণ সম্পাদক উবায়দুল্লাহ বাদল, যুগ্ম সম্পাদক মোস্তাক আহমেদ, অর্থ সম্পাদক রকীবুল হক, দফতর সম্পাদক কাওসার আজম, প্রচার সম্পাদক কামরুজ্জামান বাবলু, নির্বাহী সদস্য এইচএম জামাল উদ্দিন, মোহসিনুল করিম লেবুসহ ফোরামের সদস্যরা।

সামীম আফজাল জানান, দারুল আরকাম ইবদেতায়ি মাদরাসায় বাংলা, ইংরেজি অঙ্কসহ পাঠ্যসূচিতে কোরআন, হাদিসে গুরুত্ব দেয়া হয়েছে। কোরআন ও হাদিস শিক্ষার মাধ্যম হবে আরবি। প্রথমদিকে এটি ইবতেদায়ি (পঞ্চম শ্রেণী) পর্যন্ত চালু হলেও একপর্যায়ে ইন্টারমিডিয়েট (এইচএসসি) পর্যন্ত পাঠদান করা হবে। এরপর হয়তো সেখান থেকে এসব শিক্ষার্থীর জন্য জেলা বা বিভাগীয় পর্যায়ে অনার্স-মাস্টার্স কোর্স চালু করা যাবে।